গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-৩৭/২০১৯-২০২০
ঢাকা, ১৯ আগস্ট সোমবার ২০১৯, ৪ ভাদ্র ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। ঘুষ দেওয়া-নেওয়া দুটোই সমান অপরাধ : ঈদ শুভেচ্ছা বিনিময়কালে প্রধানমন্ত্রী
সরকারের ডেঙ্গু প্রতিরোধ প্রচেষ্টায় সন্তোষ প্রকাশ, জনগণকে সচেতন হওয়ার পরামর্শ

২। বঙ্গবন্ধুর শাহাদতবার্ষিকী উপলক্ষে প্রধানমন্ত্রীর কার্যালয়ে মিলাদ ও দোয়া মাহফিল

৩। আজ ঢাকা আসছেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী

৪। রোহিঙ্গা প্রত্যাবাসন যেকোনো সময় : পররাষ্ট্র সচিব

৫। কক্সবাজারে টাস্কফোর্সের বৈঠক : প্রথম ধাপের রোহিঙ্গা প্রত্যাবাসনে প্রস্তুতি চলছে

৬। ত্রিপক্ষীয় বৈঠক : ট্যানারি মালিকদের কাছে চামড়া বিক্রিতে রাজি আড়তদাররা

৭। বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকায় ধানের পরিবর্তে আবাদ হবে রবিশস্য : কৃষিমন্ত্রী

৮। আওয়ামী লীগের ডেঙ্গু প্রতিরোধ সেল সংশ্লিষ্টদের সাথে স্বাস্থ্যমন্ত্রীর মতবিনিময়

৯। নেপথ্য কুশীলবদের বিচার না হওয়া পর্যন্ত সম্পূর্ণ হবে না বঙ্গবন্ধু হত্যাকাণ্ডের বিচার : তথ্যমন্ত্রী

১০। বঙ্গবন্ধুর অসমাপ্ত কাজ শেষ করতে হবে : আইনমন্ত্রী

চলমান পাতা-২

১। **ঘুষ দেওয়া-নেওয়া দুটোই সমান অপরাধ : ঈদ শুভেচ্ছা বিনিময়কালে প্রধানমন্ত্রী**
সরকারের ডেঙ্গু প্রতিরোধ প্রচেষ্টায় সন্তোষ প্রকাশ, জনগণকে সচেতন হওয়ার পরামর্শ

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দুর্নীতি প্রতিরোধ ও দুর্নীতি দমনে তাঁর সরকারের বিভিন্ন পদক্ষেপের কথা তুলে ধরে বলেছেন, যে ঘুষ খাবে সেই কেবল অপরাধী নয়, যে দেবে সেও সমান অপরাধী। এ বিষয়টা মাথায় রেখে পদক্ষেপ নিলে এবং এ বিষয়গুলো নিয়ন্ত্রণ হলে অনেক কাজ আমরা দ্রুত করতে পারব। দুর্নীতি দমন কমিশনের সক্রিয় থাকার কথা উল্লেখ করে উপার্জন অনুযায়ী ট্যাক্স প্রদানের বিষয়টিতে লক্ষ রাখার প্রয়োজনীয়তা উল্লেখ করে তিনি বলেন, কে কত ট্যাক্স দিল আর কে কত খরচ করল, তারও একটা হিসাব নেওয়া দরকার। প্রধানমন্ত্রী ডেঙ্গু থেকে সুরক্ষা পেতে সরকারের নেওয়া বিভিন্ন পদক্ষেপের পাশাপাশি ব্যক্তি পর্যায়ে সবাইকে আরো সচেতন ও সতর্ক হওয়ার আহ্বান জানিয়ে বলেন, নিজের ঘরবাড়ি ও কর্মস্থলের চারপাশের পরিষ্কার-পরিচ্ছন্নতার বিষয়ে নিজেকে সচেতন হতে হবে। ডেঙ্গু প্রতিরোধে পিএমও, স্বাস্থ্য মন্ত্রণালয়, স্থানীয় সরকার মন্ত্রণালয় ও সিটি করপোরেশনগুলোর প্রচেষ্টায় সন্তোষ প্রকাশ করে তিনি এ ব্যাপারে জনগণকে সচেতন ও পরিষ্কার-পরিচ্ছন্ন থাকার পরামর্শ দেন। গতকাল (১৮ আগস্ট রোববার) প্রধানমন্ত্রী তাঁর তেজগাঁওয়ের কার্যালয়ের কর্মকর্তাদের সঙ্গে ঈদের শুভেচ্ছা বিনিময়কালে এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **সমকাল** (পৃ.১,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২)।

২। **বঙ্গবন্ধুর শাহাদতবার্ষিকী উপলক্ষে প্রধানমন্ত্রীর কার্যালয়ে মিলাদ ও দোয়া মাহফিল**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদতবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে প্রধানমন্ত্রীর কার্যালয়ে গতকাল (১৮ আগস্ট রোববার) জোহরের নামাজের পর মিলাদ ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। প্রধানমন্ত্রীর অর্থনৈতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টা, জ্বালানি উপদেষ্টা এবং প্রধানমন্ত্রীর মুখ্য সচিব জাতির পিতার জীবন ও কর্মের ওপর আলোচনা করেন। এ সময় প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিবসহ অন্যান্য কর্মকর্তা, কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। মিলাদের পর বঙ্গবন্ধু ও ১৫ আগস্টে হত্যাকাণ্ডের শিকার সকলের রুহের মাগফিরাত কামনা করা হয় এবং দেশের শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **সমকাল** (পৃ.৭,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৬)।

৩। **আজ ঢাকা আসছেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী**

ভারতের পররাষ্ট্রমন্ত্রী ড. এস জয়শঙ্কর ঢাকা আসছেন আজ (১৯ আগস্ট সোমবার)। তিনদিনের সফরে আজ রাত সাড়ে ৯টায় তিনি হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করবেন। বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড.এ কে আব্দুল মোমেন বিমানবন্দরে তাঁকে স্বাগত জানাবেন। আগামী ২২ আগস্ট তিনি ঢাকা ত্যাগ করবেন। পররাষ্ট্রমন্ত্রীর দায়িত্ব নেয়ার পর ড. এস জয়শঙ্করের এটাই প্রথম বাংলাদেশ সফর। এর আগে ভারতের পররাষ্ট্র সচিব হিসেবে তিনি ঢাকা এসেছিলেন। এ সফরকালে পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেনের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক করবেন তিনি। আলোচনা হবে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভারত সফর নিয়েও। এছাড়া প্রধানমন্ত্রীর সঙ্গেও সৌজন্য সাক্ষাৎ করবেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী। সূত্র : **বণিকবার্তা** (পৃ.১,ক.৫), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৫)।

৪। **রোহিঙ্গা প্রত্যাবাসন যেকোনো সময় : পররাষ্ট্র সচিব**

বাংলাদেশ থেকে নির্দিষ্টসংখ্যক রোহিঙ্গাকে নিজ ভূমিতে ফিরিয়ে নিতে নীতিগতভাবে আগেই রাজি হয়েছে মিয়ানমার। চুক্তিও হয়েছে দু'দেশের মধ্যে। গত নভেম্বরে এক দফা রোহিঙ্গা প্রত্যাবাসনের উদ্যোগ নেয়া হলে শেষ মুহূর্তে তা আটকে যায়। সম্প্রতি ফের রোহিঙ্গা প্রত্যাবাসনের পরিস্থিতি তৈরি হয়েছে। বর্তমান পরিস্থিতিতে বাংলাদেশ সরকার প্রক্রিয়াটি শুরু করাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছে। যেকোনো সময় প্রত্যাবাসন শুরু হবে বলে জানিয়েছেন পররাষ্ট্র সচিব এম শহিদুল হক। গতকাল (১৮ আগস্ট রোববার) বাংলাদেশ ইনস্টিটিউট অভ্ ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) মিলনায়তনে রেড এন্ড গ্রিন রিসার্চ আয়োজিত 'রোহিঙ্গা ক্রাইসিস: ওয়ে ফর ফরওয়ার্ড' শীর্ষক আলোচনা অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। **সূত্র : বণিক বার্তা** (শেষ পৃ,ক.১), **সমকাল** (পৃ.২,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.৫)।

৫। **কক্সবাজারে টাস্কফোর্সের বৈঠক : প্রথম ধাপের রোহিঙ্গা প্রত্যাবাসনে প্রস্তুতি চলছে**

মিয়ানমার সরকারের নির্ধারণ করা আগামী ২২ আগস্ট প্রথম ধাপের রোহিঙ্গা প্রত্যাবাসনের ব্যাপারে চলছে শেষ পর্যায়ের প্রস্তুতি। প্রথম ধাপে ৩৫৪০ জন রোহিঙ্গাকে ফেরত নিতে সম্মতি দিয়েছে মিয়ানমার সরকার। বাংলাদেশ রোহিঙ্গাদের নিজস্ব মতামত এবং মর্যাদাপূর্ণ ও স্থিতিশীল প্রত্যাবাসনের ওপর জোর দিচ্ছে। রোহিঙ্গা প্রত্যাবাসন নিয়ে বাংলাদেশ এখন সর্বোচ্চ প্রস্তুত। আনুসঙ্গিক প্রস্তুতির কাজও চলছে। নিরাপত্তা ও অন্যান্য বিষয় নিয়ে এক জরুরি বৈঠকে বসেন টাস্কফোর্সের সদস্যরা। গতকাল (১৮ আগস্ট রোববার) কক্সবাজারে শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনারের কার্যালয়ে এ বৈঠক অনুষ্ঠিত হয়। টাস্কফোর্সের বৈঠক শেষে এ কথা বলেন চট্টগ্রাম বিভাগের অতিরিক্ত কমিশনার নুরুল আলম নেজামী। সূত্র-**সংবাদ** (পৃ. ১,ক.৪), **আমাদের অর্থনীতি** (পৃ.১,ক.৬)।

৬। **ত্রিপক্ষীয় বৈঠক : ট্যানারি মালিকদের কাছে চামড়া বিক্রিতে রাজি আড়তদাররা**

ত্রিপক্ষীয় বৈঠকে ফলপ্রসু আলোচনার পর চামড়া বিক্রয়ের সিদ্ধান্ত নিয়েছেন আড়তদাররা। তবে ট্যানারি মালিক ও আড়তদারদের দেনা পাওনার সমস্যা সমাধানের দায়িত্ব তুলে দেওয়া হয়েছে এফবিসিসিআই'র কাঁধে। আগামী ২২ আগস্ট দুই পক্ষের সঙ্গে আলোচনায় বসবেন তারা। গতকাল (১৮ আগস্ট রোববার) ট্যানারি মালিক, আড়তদার ও কাঁচা চামড়া সংশ্লিষ্টদের সঙ্গে ত্রিপক্ষীয় বৈঠক শেষে এসব সিদ্ধান্তের কথা জানান শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ন। সব পক্ষের সঙ্গে আলোচনার পর চামড়া শিল্পে কোনো সমস্যা নেই উল্লেখ করে মন্ত্রী আরো বলেন, আজকের বৈঠকে বিষয়টি সমাধান হয়েছে। বৈঠক শেষে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হয়েছে, আজ থেকেই চামড়া বিক্রি শুরু করা হবে। সূত্র **: আমাদের অর্থনীতি** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৬)।

৭। **বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকায় ধানের পরিবর্তে আবাদ হবে রবিশস্য : কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী ড. মো.আব্দুর রাজ্জাক বলেছেন, বন্যার কারণে যেসব জায়গায় ধান চাষ করা যাবে না, সেসব জায়গায় রবিশস্য আবাদ করা হবে। এর অংশ হিসেবে কৃষকদের বিনামূল্য বীজ সারসহ অন্যান্য কৃষি উপকরণ দেওয়া হবে। পানি নামার সঙ্গে সঙ্গে যাতে কৃষক চাষাবাদ করতে পারেন, সেজন্য সব জেলায় এর মধ্যে মাষকলাই বীজ পাঠানো হয়েছে। এছাড়া ক্ষতি কাটিয়ে উঠতে ১২০ কোটি টাকার কর্মসূচি গ্রহণ করা হবে, প্রয়োজন তা আরো বাড়ানো হবে। গতকাল (১৮ আগস্ট রোববার) কৃষি মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে ঈদ পরবর্তী শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র **: বণিক বার্তা** (পৃ.২,ক.৪), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৬), **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

৮। **আওয়ামী লীগের ডেঙ্গু প্রতিরোধ সেল সংশ্লিষ্টদের সাথে স্বাস্থ্যমন্ত্রীর মতবিনিময়**

আওয়ামী লীগের ডেঙ্গু প্রতিরোধ ও চিকিৎসা মনিটরিং সেল ডেঙ্গু প্রতিরোধে সমন্বিত উদ্যোগ গ্রহণে করণীয় বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী জাহিদ মালেকের সঙ্গে মতবিনিময় হয়েছে। গতকাল (১৮ আগস্ট রোববার) সচিবালয়ে স্বাস্থ্যমন্ত্রীর দফতরে অনুষ্ঠিত এ সভায় ডেঙ্গু প্রতিরোধে করণীয় ও জনসচেতনতা সৃষ্টিতে প্রচারণার বিষয়ে আলোচনা করা হয়। সভায় ডেঙ্গু রোগের বিস্তার রোধে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিটি করপোরেশন ও এলজিআরডি মন্ত্রণালয়ের সঙ্গে সমন্বিতভাবে কাজ করার ওপর গুরুত্ব দেয়া হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৪)।

৯। **নেপথ্য কুশীলবদের বিচার না হওয়া পর্যন্ত সম্পূর্ণ হবে না বঙ্গবন্ধু হত্যাকাণ্ডের বিচার : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, হত্যাকাণ্ডের নেপথ্য কুশীলবদের বিচার না হওয়া পর্যন্ত জাতির পিতার হন্তারকদের বিচার সম্পূর্ণ হবে না। একটি কমিশন গঠন করে বিচার সম্পন্ন হলে তা ন্যায় প্রতিষ্ঠার উদাহরণ হয়ে থাকবে। গতকাল (১৮ আগস্ট রোববার) কাকরাইলে তথ্য ভবনে জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনাসভায় মন্ত্রী একথা বলেন। জাতির পিতার জীবনকে অকুতোভয় সংগ্রামের অনন্য উদাহরণ উল্লেখ করে তাঁর পরিবারের সদস্যদের প্রতি গভীর শ্রদ্ধা জানান মন্ত্রী। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.১)।

১০ । **বঙ্গবন্ধুর অসমাপ্ত কাজ শেষ করতে হবে : আইনমন্ত্রী**

সোনার বাংলা গড়তে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অসমাপ্ত কাজ শেষ করার জন্য সবার প্রতি আহ্বান জানিয়েছেন আইনমন্ত্রী আনিসুল হক। তিনি বলেন, স্বাধীনতাবিরোধীরা এখনও ষড়যন্ত্র করছে। যতদিন পর্যন্ত বাংলার জনগণের মুখে হাসি ফোটাতে না পারব, ততদিন পর্যন্ত বঙ্গবন্ধু হত্যার কলঙ্ক মুছে ফেলা যাবে না। গতকাল (১৮ আগস্ট রোববার) রাজধানীর আবদুল গণি রোডের নিবন্ধন অধিদপ্তর প্রাঙ্গণে জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনাসভায় তিনি এসব কথা বলেন। সূত্র **: সমকাল** (পৃ.৭,ক.৮), **ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** স্বাস্থ্যসম্মত উপায়ে মেডিকেল বর্জ্য ব্যবস্থাপনার কোনো সুযোগ নেই বিভাগীয় শহর বরিশালে উল্লেখ করে চিকিৎসা বর্জ্যের স্বাস্থ্যঝুঁকি বিবেচনা করে জনসচেতনতা বৃদ্ধি এবং দেশের সব স্বাস্থ্যকেন্দ্রগুলোতে বর্জ্য ব্যবস্থাপনা বাধ্য করতে জরুরিভিত্তিতে উদ্যোগ গ্রহণ করার সুপারিশ।

খ. **সমকাল :** সরকারি পরিসংখ্যান মতেই দেশে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা অতীতের সব রেকর্ড ছাড়িয়েছে উল্লেখ করে ডেঙ্গু মোকাবিলায় সবাইকে যার যা আছে তা নিয়ে ঝাঁপিয়ে পড়ার আহ্বান।

গ. **যায়যায়দিন :** দীর্ঘদিন ধরেই ব্যর্থতার চক্করে ঘুরপাক খাচ্ছে সম্ভাবনাময় চামড়াশিল্প খাত উল্লেখ করে এ শিল্পের উন্নয়নে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঘ. **জনকণ্ঠ :** মিরপুরের রূপনগরের বস্তিতে আগুন লাগার কথা উল্লেখ করে বার বার বস্তিগুলোতে এ ধরনের অগ্নিকাণ্ডরোধে কার্যকর পদক্ষেপ নেওয়ার পাশাপাশি এসব শ্রমজীবী নিম্নবিত্তদের জন্য নিরাপদ আবাসনের ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ।

ঙ. **বাংলাদেশ টুডে :** পথশিশুদের পুনর্বাসনে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** জলবায়ু পরিবর্তনে ঝুঁকি মোকাবিলায় বেশি করে গাছ লাগানোর ওপর গুরুত্বারোপ।

উপসম্পাদকীয়

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বন্যা চলে যাওয়ার পর কৃষি পুনর্বাসন, ভেঙ্গে যাওয়া বাঁধ ও রাস্তাঘাট পুনঃসংস্কার করা, জরুরি ওষুধ সরবরাহ ইত্যাদি তাৎক্ষণিকভাবে করা প্রয়োজন।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **'ডেঙ্গু প্রতিরোধে প্রয়োজন আমাদের সচেতনতা'** শিরোনামের নিবন্ধে বলা হয়েছে, আমরা যদি একটু সচেতন হই তাহলে এডিস মশার উৎপত্তিস্থল সৃষ্ট হবেনা, ফলে এডিস মশার বিস্তারের হার অনেকাংশে কমে যাবে।

#

ডালিয়া/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা